


## শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের উত্তম চর্চার তালিকা

রূপকল্প-২০২১ বাস্তবায়ন ও ডিজিটাল বাংলাদেশের উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় নিরলসভাবে কার্যক্রম চালিয়ে যাচ্ছে। এরই ধারাবাহিকতায় উত্তম চর্চার অংশ হিসেবে এই মন্ত্রণালয়ের নিম্নলিখিত পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।

### টাস্ক ম্যানেজমেন্ট এন্ড মনিটরিং সিস্টেম

এ মন্ত্রণালয়ের কাজের গতিশীলতা, স্বচ্ছতা ও জবাবদিহিতা আনয়নের উদ্দেশ্যে এ সিস্টেমটি চালু করা হয়েছে। এর মাধ্যমে এ মন্ত্রণালয়ের কর্মকর্তাদের উপর অর্পিত দায়িত্ব নির্ধারিত সময়ে সঠিকভাবে সম্পন্ন হচ্ছে কিনা তা পরিবীক্ষণ করা হচ্ছে। এছাড়া এ সিস্টেমটি ব্যবহারের মাধ্যমে মন্ত্রণালয়ের কর্মকর্তারা তাঁদের দৈনন্দিন কর্মসূচি ও প্রয়োজনীয় ডকুমেন্ট সমূহ সহজে ব্যবস্থাপনা করতে পারছেন। ভবিষ্যতে এ মন্ত্রণালয়ের আওতাধীন সকল অধিদপ্তর/দপ্তর/সংস্থার কার্যক্রম এই ডিজিটাল প্ল্যাটফর্মের সাথে অন্তর্ভুক্ত করা হবে।




### পার্সোনাল ইনফরমেশন ম্যানেজমেন্ট সিস্টেম

সফটওয়্যারটি তৈরির কার্যক্রম সম্পন্ন করা হয়েছে। বর্তমানে এ মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারীদের বিস্তারিত তথ্য সংযুক্ত করা হচ্ছে। এ সফটওয়্যারটি ব্যবহার করে সকল কর্মকর্তা/কর্মচারীদের ব্যক্তিগত তথ্য, যোগদান, বদলী, প্রশিক্ষণ, ছুটির হিসাব, মাসিক বেতনসহ অন্যান্য প্রয়োজনীয় সকল তথ্য তাৎক্ষণিকভাবে জানা সম্ভব হবে।

### রিকুইজিশন এন্ড ইনভেনটরি ম্যানেজমেন্ট সিস্টেম

এ সিস্টেমটি ব্যবহারের মাধ্যমে এ মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীরা তাদের প্রয়োজনীয় স্টেশনারী, অফিস সরঞ্জামাদি ও অন্যান্য সকল রিকুইজিশন সমূহ অনলাইনের মাধ্যমে প্রদান করছেন। পূর্বে বিভিন্ন শাখা থেকে চাহিদাপত্র বারবার প্রিন্টিং এর ফলে অর্থের অপচয় হত এবং দাপ্তরিক কাজে বিঘ্ন ঘটত। এছাড়া এ সফটওয়্যারটি ব্যবহার করে মন্ত্রণালয়ের যাবতীয় ক্রয়, সংগ্রহ, সংরক্ষণ ও বিতরণ সংক্রান্ত তথ্যাদি তাৎক্ষণিকভাবে জানা এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্ভব হচ্ছে।



### সিটিজেন চার্টার ব্যত্যয় সংক্রান্ত অভিযোগ সিস্টেম

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সিটিজেন চার্টারভুক্ত সেবা ব্যত্যয় সংক্রান্ত অভিযোগসমূহ গ্রহণ করার জন্য অনলাইন ভিত্তিক এই সিস্টেমটি চালু করা হয়েছে। অনলাইনের মাধ্যমে যে কেউ যে কোন স্থান থেকে সহজে এই মন্ত্রণালয় সংশ্লিষ্ট তাঁর যে কোন অভিযোগ সহজে প্রেরণ করতে পারেন। পরবর্তীতে মন্ত্রণালয় সিস্টেমের মাধ্যমে গৃহীত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা হচ্ছে। এর ফলে এই মন্ত্রণালয়ের সেবা প্রদানের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণ সম্পন্ন হচ্ছে।

### রীট মামলা ডাটাবেজ ও মনিটরিং সিস্টেম

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার রীট মামলাসমূহ সঠিকভাবে ব্যবস্থাপনা ও মনিটরিং করার উদ্দেশ্যে এই সফটওয়্যারটি তৈরি করা হয়েছে। বর্তমানে এই মন্ত্রণালয় ও আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার সকল রীট মামলার তথ্য এই সিস্টেমে অন্তর্ভুক্ত করা হয়েছে এবং নিয়মিত হালনাগাদ করা হচ্ছে।

### স্থাবর সম্পত্তির ডাটাবেজ এবং মনিটরিং সিস্টেম

এ মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/অধিদপ্তরসমূহের স্থাবর সম্পত্তির একটি ডাটাবেইজ তৈরী করা হয়েছে এবং সংশ্লিষ্ট সকল তথ্য সংযুক্ত করা হয়েছে।

### ই-নথি বাস্তবায়ন

সরকারের ডিজিটাল কার্যক্রম গতিশীল করার লক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থার দাপ্তরিক কার্যক্রম ই-নথির মাধ্যমে নিষ্পত্তি করা হচ্ছে। এর ফলে স্বচ্ছতা নিশ্চিত হওয়ার পাশাপাশি সময়, শ্রম ও অর্থের অনেক সাশ্রয় হচ্ছে। ই-নথি সিস্টেমে প্রকাশিত জুলাই'১৯-এর প্রতিবেদন অনুযায়ী ই-ফাইলিং ব্যবহারের ক্ষেত্রে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় মধ্যম ক্যাটাগরীর মন্ত্রণালয়সমূহের মধ্যে চতুর্থ স্থানে এবং অধিদপ্তর ক্যাটাগরীর মধ্যে এ মন্ত্রণালয়ের আওতাধীন কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর ১ম স্থানে ও শ্রম অধিদপ্তর ৬ষ্ঠ স্থানে রয়েছে।

### ই-টেন্ডারিং বাস্তবায়ন

এ মন্ত্রণালয়ের ক্রয় কার্যে ও অর্থ খরচে জবাবদিহিতা ও স্বচ্ছতা নিশ্চিতকরণের লক্ষ্যে ই-টেন্ডারিং-এর মাধ্যমে ক্রয় কার্যক্রম চালু রয়েছে।

### ডিজিটাল হাজিরা বাস্তবায়ন

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীদের দৈনিক আগমন ও প্রস্থানের হাজিরা প্রদানের নিমিত্ত ডিজিটাল হাজিরা পদ্ধতি চালু করা হয়েছে। এর ফলে মন্ত্রণালয়ের সকলের কর্মঘণ্টার সঠিক ব্যবহার হচ্ছে।

### ওয়েবসাইট ও সোশ্যাল মিডিয়ার ব্যবহার

এ মন্ত্রণালয়ের ওয়েবসাইট বাংলা(শ্রম.বাংলা) ও ইংরেজিতে (mole.gov.bd) নিয়মিতভাবে হালনাগাদ করা হয়। তাছাড়া এ মন্ত্রণালয় এবং আওতাধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থাসমূহের কার্যক্রম ও সেবা সম্পর্কিত তথ্যসমূহ সোশ্যাল মিডিয়ায় নিয়মিতভাবে প্রচার করা হয়।

### অনলাইন বেইজড আইসিটি সাপোর্ট সিস্টেম

এ সিস্টেমের মাধ্যমে এ মন্ত্রণালয়ের আইসিটি সংক্রান্ত সাপোর্ট অনুরোধ অনলাইনের মাধ্যমে গ্রহণ করে দ্রুততার সাথে সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া এ সংক্রান্ত একটি ডাটাবেইজ তৈরী হচ্ছে যা সেবা প্রদানে সহায়ক রাখছে। ভূমিকা



শেখ মুহিবুর রহমান

উপসচিব

শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়